

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৬৭/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ শাহ আলম (এল এল বি)
বাসা-৪/১০, হুমায়ুন রোড
মোহাম্মদপুর, ঢাকা।

প্রতিপক্ষ : কাজী মোহাম্মদ আবু হানিফ
নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ
১ম ১২তলা, সরকারী অফিস ভবন
ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৭-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ শাহ আলম (এল এল বি) ২৩-০৬-২০১৪ তারিখে তথ্য কমিশনে কাজী মোহাম্মদ আবু হানিফ, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ১ম ১২তলা, সরকারী অফিস ভবন, ঢাকা এর বিরুদ্ধে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১০(১)(২) ও (৪) ধারা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ না করার কারণে অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি এ বিষয়ে আইনগত প্রতিকার প্রার্থনা করেছেন।

০২। বিষয়টি কমিশনের ২৯-০৬-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৭-০৭-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ শাহ আলম (এল এল বি) ও প্রতিপক্ষ কাজী মোহাম্মদ আবু হানিফ, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ১ম ১২তলা, সরকারী অফিস ভবন, ঢাকা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১০(১)(২)(৪) ধারা লংঘনপূর্বক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ না করার কারণে অভিযোগ দায়ের করেন।

০৪। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ১ম ১২তলা, সরকারী অফিস ভবন, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, কেন্দ্রীয়ভাবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) নির্ধারণ করা হয়েছে। উক্ত নিয়োগের কপি তিনি শুনানীকালে কমিশনে উপস্থাপন করেন।

পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, কেন্দ্রীয়ভাবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) নির্ধারণ করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

(অ:প্:দ্র:)

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

যেহেতু, কেন্দ্রীয়ভাবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) নির্ধারণ করা হয়েছে, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার